**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 16-03-2026** **Time: 1-40 PM**

**<u>বিশেষ বিশেষ খবর –</u>**

১/ রাজ্যে বিধানসভা ভোটের দিনক্ষণ ঘোষণা হওয়ার পরেই, মুখ্যসচিব, স্বরাষ্ট্র সচিব ও রাজ্য পুলিশের ডিজি সহ একাধিক প্রশাসনিক পদে রদবদল করেছে, নির্বাচন কমিশন।

২/ মুখ্য সচিব ও স্বরাষ্ট্র সচিব বদলির প্রতিবাদে তৃণমূল কংগ্রেস সাংসদদের রাজ্যসভা থেকে 'ওয়াক আউট'-কে কটাক্ষ করেছেন, সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু।

৩/ রাজ্যে ২০২১-এর বিধানসভা এবং ২০২৪-এ লোকসভা নির্বাচনে হিংসার ঘটনায় সংশ্লিষ্ট থানার দায়িত্বে থাকা পুলিশ আধিকারিকদের তালিকা চেয়ে পাঠিয়েছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর।

৪/ কালো টাকা ও অবৈধ লেনদেন রুখতে কড়া নজরদারির নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। # রাজ্যের সব বিমান বন্দরে এয়ার ইন্টেলিজেন্স ইউনিট স্থাপনের নির্দেশ।

৫/ শ্রী শ্রী হরিচাঁদ ঠাকুরের ২১৫-তম আবির্ভাব তিথি উপলক্ষ্যে, উত্তর ২৪ পরগনার ঠাকুরনগরে শুরু হয়েছে মতুয়া মহাধর্ম মেলা, যা বারুণী মহামেলা নামেও পরিচিত।

*****************************************************************

দুষ্মন্ত নারিয়ালা, আজ রাজ্যের নতুন মুখ্য সচিব হিসেবে দায়িত্বভার গ্রহণ করছেন। একই সঙ্গে সংঘমিত্রা ঘোষ দায়িত্ব নেবেন স্বরাষ্ট্র সচিব হিসেবে। দুপুর তিনটের মধ্যে তাদের সংশ্লিষ্ট পদগুলিতে যোগ দিতে বলা হয়েছে।

উল্লেখ্য, রাজ্যে বিধানসভা নির্বাচনের দিনক্ষণ ঘোষণা হওয়ার পর গতকালই মুখ্য সচিব নন্দিনী চক্রবর্তী এবং স্বরাষ্ট্র সচিব জগদীশ প্রসাদ মিনাকে পদ থেকে সরিয়ে দেয় নির্বাচন কমিশন। ভোট পর্ব শেষ না হওয়া পর্যন্ত এই দু-জনকে নির্বাচন প্রক্রিয়ার সঙ্গে জড়িত কোন পদে বসানো যাবে না বলে এক নির্দেশে কমিশন জানিয়েছে।

*****************************************************************

সাংবিধানিক সংস্থাকে আক্রমণ করা, তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেস-এর অভ্যাসে পরিণত হয়েছে বলে সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু মন্তব্য করেছেন।

সাংবিধানিক কর্তৃপক্ষের সিদ্ধান্ত, কোনভাবেই সরকার বা সংসদের সঙ্গে যুক্ত নয় বলে তিনি জানান। এরাজ্যে ভোট ঘোষণার পরই মুখ্যসচিব ও স্বরাষ্ট্র সচিব বদলের বিষয়টি আজ রাজ্যসভায় তোলেন তৃণমূল কংগ্রেস সাংসদ ডেরেক ও'ব্রায়েন। এই নিয়ে উত্তপ্ত বাক্য বিনিময়ের পর তৃণমূল কংগ্রেসের সাংসদরা সভা থেকে 'ওয়াক আউট' করেন। এরপরই কিরেণ রিজিজু বলেন, এই বিষয়টি সম্পূর্ণ নির্বাচন কমিশনের সিদ্ধান্ত। সরকার বা সংসদের এক্ষেত্রে কোন ভূমিকা নেই। সংবিধান নির্বাচন কমিশনকে স্বাধীনভাবে কাজ করার ক্ষমতা দিয়েছে।

*******************************************************************

নির্বাচন কমিশন রাজ্য পুলিশের ডিজি এবং কলকাতার পুলিশ কমিশনার সহ শীর্ষ চার পুলিশ আধিকারিককে সরিয়ে দিয়েছে। পুলিশের ভারপ্রাপ্ত মহা নির্দেশক পদ থেকে পীযুষ পান্ডেকে সরিয়ে দেওয়া হয়েছে। তার জায়গায় নতুন ডিজিপি হচ্ছেন ১৯৯২ ব্যাচের IPS আধিকারিক সিদ্ধিনাথ গুপ্তা। কলকাতা পুলিশ কমিশনারের পদ থেকে সুপ্রতিম সরকারকে সরিয়ে ১৯৯৬-এর ব্যাচের IPS আধিকারিক অজয় কুমার নন্দকে নিয়োগ করা হয়েছে। রাজ্য পুলিশের ADG আইনশৃঙ্খলা এবং ডিজি (সংশোধনাগার) পদে পরিবর্তন করা হয়েছে। ADG পদে বিনীত গোয়েলের পরিবর্তে আনা হয়েছে, অজয় মুকুন্দ রানাডে-কে। ডিজি সংশোধনাগার পদে নিযুক্ত হয়েছেন এন রমেশবাবু। আজ বিকেল তিনটের মধ্যে মুখ্যসচিবকে এই নির্দেশিকা কার্যকর করতে বলা হয়েছে।

*******************************************************************

রাজ্যে ২০২১-এর বিধানসভা এবং ২০২৪-এ লোকসভা নির্বাচনের সময় যেসমস্ত জায়গায় হিংসার ঘটনা ঘটেছে, সেই সব থানা এলাকার দায়িত্বে থাকা পুলিশ আধিকারিকদের তালিকা চেয়ে পাঠিয়েছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর। রাজ্য পুলিশের ADG লিগাল এবং পুলিশের নোডাল অফিসারকে পাঠানো চিঠিতে আজ সন্ধের ৬-টার মধ্যে এই রিপোর্ট জমা দিতে বলা হয়েছে।

২০২১-এর বিধানসভা নির্বাচনের আগে এবং পরে ও ২০২৪-এর লোকসভা ভোটের দিন, তার আগে এবং পরে অশান্তির ঘটনায় সংশ্লিষ্ট থানার দায়িত্বে থাকা পুলিশ আধিকারিকদের তথ্য চেয়েছে CEO দফতর।

পূর্ববর্তী নির্বাচনে হিংসার ঘটনা নিয়ে কমিশনের পদক্ষেপ সদর্থ্যক বলে মন্তব্য করেছেন, বিজেপি-র রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য।

*******************************************************************

আদর্শ আচরণবিধি চলাকালীন প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহনের জন্য একটি স্ক্রিনিং কমিটি গঠনের নির্দেশ দিয়েছে কমিশন। এই কমিটির নেতৃত্বে থাকবেন রাজ্যের মুখ্যসচিব। সদস্য হিসেবে থাকবেন সংশ্লিষ্ট দফতরের সচিব বা

প্রধান সচিব এবং সমন্বয় দফতরের সচিব বা প্রধান সচিব। কোনও দফতর সরাসরি কমিশনের কাছে ফাইল পাঠাতে পারবে না। কোন প্রস্তাব আদর্শ আচরনবিধি অনুযায়ী পাঠানো হয়েছে কিনা সেটা প্রথমে ওই কমিটি খতিয়ে দেখবে তারপর তা নির্বাচন কমিশনের দপ্তরে অনুমোদনের জন্য পাঠাবে। ২২শে মার্চের মধ্যে এই কমিটি গঠন করে কমিশনকে জানাতে হবে।

নির্বাচনের নির্ঘন্ট ঘোষণা হতেই সরকারি জায়গা থেকে রাজনৈতিক প্রচারের সমস্ত চিহ্ন দ্রুত সরানোর নির্দেশ দিল নির্বাচন কমিশন। কমিশন জানিয়েছে, সরকারি অফিস থেকে নির্বাচন সংক্রান্ত দেওয়াল লিখন, পোস্টার, ব্যানার, হোর্ডিং ও পতাকা ২৪ ঘন্টার মধ্যে সরিয়ে ফেলতে হবে। পাবলিক স্পেসের ক্ষেত্রেও নির্দিষ্ট সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে। রেল স্টেশন, বাস স্ট্যান্ড, বিমানবন্দর, সেতু, সরকারি বাস এবং বিদ্যুৎ বা টেলিফোনের খুঁটির মতো জায়গা থেকে সব ধরনের রাজনৈতিক বিজ্ঞাপন ৪৮ ঘন্টার মধ্যে সরিয়ে ফেলতে নির্দেশ দেওয়া হয়েছে।

*********************************************************************

আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে কালো টাকা ও অবৈধ লেনদেন রুখতে কড়া নজরদারির নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। ভোটারদের প্রভাবিত করার জন্য কালো টাকার ব্যবহার বন্ধে আয়কর বিভাগের তদন্ত শাখাগুলিকে সক্রিয় থাকার জন্য বলা হয়েছে। নির্বাচনমুখী রাজ্যগুলির সব বিমানবন্দরে 'এয়ার ইন্টেলিজেন্স ইউনিট' স্থাপনের নির্দেশ দেওয়া হয়েছে। ১০ লক্ষ টাকার বেশি নগদ অর্থ বা ১০ লক্ষ টাকার বেশি মূল্যের সোনা বহনকারী যাত্রীদের উপর বিশেষ নজর রাখা হবে। ব্যাঙ্কগুলিকেও সন্দেহজনক এবং বড় অঙ্কের নগদ লেনদেনের তথ্য সংগ্রহ করতে নির্দেশ দিয়েছে কমিশন। সমুদ্রপথে অবৈধ মদ, অস্ত্র বা নগদ অর্থ পাচার রুখতে ভারতীয় কোস্ট গার্ডকে কড়া নজরদারি চালাতে বলা হয়েছে। বাজেয়াপ্ত হওয়া নগদ অর্থ, মদ, মাদক বা উপহার সামগ্রীর তথ্য রিয়েল-টাইমে 'ইলেকশন সিজার ম্যানেজমেন্ট সিস্টেম' পোর্টালে আপলোড করতে হবে।

নির্বাচনী প্রচারেও একাধিক বিধিনিষেধ জারি করা হয়েছে। রাত ১০টা থেকে সকাল ৬টা পর্যন্ত প্রচারে লাউড স্পিকার বা সাউন্ড অ্যাম্প্লিফায়ার ব্যবহার করা যাবে না। ভোটগ্রহণের শেষ ৪৮ ঘন্টায় সংশ্লিষ্ট এলাকায় কোনও ধরনের লাউডস্পিকার ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে। পরিবেশ রক্ষার স্বার্থে প্রচারের পোস্টার বা ব্যানার তৈরিতে প্লাস্টিক বা পলিথিন ব্যবহার থেকেও বিরত থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

*********************************************************************

বিধানসভা নির্বাচনের প্রাক্কালে স্থানীয় জনপ্রতিনিধিদের এলাকা উন্নয়ন তহবিল ব্যবহারে কড়া নির্দেশ জারি করেছে নির্বাচন কমিশন। কমিশন জানিয়েছে, নির্বাচনী প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত সাংসদ বা বিধায়কদের এলাকা উন্নয়ন তহবিলে নতুন করে কোনও অর্থ বরাদ্দ করা যাবে না। কমিশনের নির্দেশে বলা হয়েছে, এই নির্দেশিকা জারির আগে কোনও কাজের অর্ডার দেওয়া হলেও যদি বাস্তবে তা এখনও শুরু না হয়ে থাকে,

তবে নির্বাচনী প্রক্রিয়া চলাকালীন সেই কাজ শুরু করা যাবে না। যে সব কাজ ইতিমধ্যেই শুরু হয়ে গিয়েছে, সেগুলি চলবে।

প্রশাসনিক স্তরেও বিধিনিষেধ আরোপ করা হয়েছে। নির্বাচনের সঙ্গে যুক্ত আধিকারিকদের বদলি করা যাবে না। যদি কোনও আধিকারিকের বদলির নির্দেশ নির্বাচন ঘোষণার আগে দেওয়া হয়ে থাকে কিন্তু তিনি এখনও নতুন পদে যোগ না দিয়ে থাকেন, তবে কমিশনের অনুমতি ছাড়া সেই নির্দেশ কার্যকর করা যাবে না।

*****************************************************************

শ্রী শ্রী হরিচাঁদ ঠাকুরের ২১৫-তম আবির্ভাব তিথি উপলক্ষ্যে উত্তর ২৪ পরগনার ঠাকুরনগরে শুরু হয়েছে মতুয়া মহাধর্ম মেলা, যা বারুণী মহামেলা নামেও পরিচিত। দূর দূরান্ত থেকে মতুয়া ভক্ত, পাগল, গোঁসাই, দলপতিরা সেখানে ভিড় জমিয়েছেন। চলছে পূণ্যস্নান। মেলার শুরুতে শান্তির বার্তা দিয়েছেন অল ইন্ডিয়া মতুয়া মহাসংঘের সংঘাধিপতি, বনগাঁ লোকসভার সাংসদ ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর। ভক্তদের নিরাপত্তা নিশ্চিত করতে সবরকম ব্যবস্থা নেওয়া তিনি জানান।

এদিকে, মতুয়া মহাধর্ম মেলা উপলক্ষ্যে বিপুল ভিড় সামাল দিতে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন প্রতিবছরের মতো এবারো ঠাকুরনগরে বিশেষ লোকাল ট্রেন পরিষেবা দিচ্ছে। বিশে মার্চ পর্যন্ত ঠাকুরনগর ও গেদে, লালগোলা, ক্যানিং এবং নামখানা রুটের মধ্যে ২৮টি EMU স্পেশাল ট্রেন চলছে।

উল্লেখ্য, মধুকৃষ্ণ ত্রয়োদশী তিথিতে এই মেলা হয়।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, ধর্মমেলা উপলক্ষ্যে মতুয়া সম্প্রদায়কে শুভেচ্ছা জানিয়েছেন।

*****************************************************************

রাজ্যসভার নেতা জে পি নাড্ডা দেশে কথিত রান্নার গ্যাস নিয়ে রাজনীতি করার জন্য জাতীয় কংগ্রেস ও বিরোধীদের সমালোচনা করেছেন। তিনি বলেন, ভারতের জন্য এই সংকট তৈরি হয়নি। ভারতের এই সঙ্কট সৃষ্টিতে কোনো ভূমিকা'ও নেই।

এদিকে, রান্নার গ্যাস সিলিন্ডার সরবরাহ ব্যহত এবং দাম বৃদ্ধির অভিযোগে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ দুপুরে কলেজ স্কোয়ার থেকে ধর্মতলার ডোরিনা ক্রশিং পর্যন্ত মিছিল করবেন।

অন্যদিকে, পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতির জেরে **মুর্শিদাবাদে**র কান্দির একাধিক পরিযায়ী শ্রমিক দেশে ফিরতে পারছেন না। হিজল পঞ্চায়েতের প্রায় ২০'টি গ্রামের অসংখ্য শ্রমিক, দুবাই, কুয়েত ও সৌদি আরবে আটকে পড়েছেন। ঈদের আগে বাড়ি ফেরার অপেক্ষায় দিন গুণছেন তাঁরা।

*****************************************************************

অবৈধ কল সেন্টার ও সাইবার সংক্রান্ত একটি মামলায় ইডি শিলিগুড়ি, হাওড়া, স্টলেক বিধাননগর, দুর্গাপুর সহ রাজ্যের ১০-টি জায়গায় তল্লাশি চালাচ্ছে। শিলিগুড়ির হাকিমপাড়া এলাকায় স্বর্ণ ব্যবসায়ী স্বপন ঘোষের বাড়িতে চলছে অভিযান। এছাড়াও অভিযুক্ত সুরশ্রী কর, সম্রাট ঘোষ, শুভজিৎ চক্রবর্তীর বাড়িতেও পৌঁছেছেন ইডি আধিকারিকরা। কল সেন্টারের মাধ্যমে বিদেশী নাগরিকদের প্রতারিত করে টাকা হাতানোর অভিযোগ রয়েছে এদের বিরুদ্ধে।

******************************************************************

ঝাড়খন্ডে, মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকের মৃত্যুর প্রতিবাদে বেলডাঙায় অশান্তির ঘটনায় রাজ্য পুলিশকে NIA-এর হাতে নথি হস্তান্তর সংক্রান্ত কলকাতা হাইকোর্ট-এর নির্দেশ বহাল রেখেছে সুপ্রিম কোর্ট। রাজ্যের আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় আজ আদালতে বলেন, সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী, UAPA ধারায় মামলা রুজু হবে কিনা, সেই আবেদনের শুনানি গ্রহণ না করেই কলকাতা হাইকোর্ট নথি হস্তান্তরের নির্দেশিকা জারি করেছে শুধুমাত্র NIA-এর রিপোর্টের ভিত্তিতে।

এর প্রেক্ষিতে বিচারপতি জয়মাল্য বাগচী বলেন, কেস ডাইরি এবং তদন্ত রিপোর্ট না দেখে কলকাতা হাইকোর্টের পক্ষে সিদ্ধান্ত গ্রহণ সম্ভব নয়। তাই সেই নির্দেশে হস্তক্ষেপ করেনি সর্বোচ্চ আদালত।

******************************************************************

দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই আজও বৃষ্টির পূর্বাভাস রয়েছে। কিছু জেলায় আজ ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। রয়েছে বিক্ষিপ্তভাবে বৃষ্টি ও কালবৈশাখীর সম্ভাবনা'ও। এদিকে বৃষ্টির জন্য কমেছে তাপমাত্রা। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৩ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে কিছুটা বেশি।

******************************************************************